

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৯২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৮৩]

كتاب الاستغفار) क्रमा वार्थना मृलक निर्पि शावनी (کتاب الاستغفار)

পরিচ্ছেদঃ ৩৭২ : আল্লাহ তা'আলা মুমিনদের জন্য জান্নাতের মধ্যে যা প্রস্তুত রেখেছেন

(372) بَابُ بَيَانِ مَا أَعَدَّ اللهُ تَعَالَى لِلْمُؤْمِنِيْنَ فِي الْجَنَّةِ

আরবী

বাংলা

৪/১৮৯২। মুগীরা ইবনে শু'বা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'শমুসা স্বীয় প্রভুকে জিজ্ঞাসা করলেন, 'জান্নাতিদের মধ্যে সবচেয়ে নিম্নমানের জান্নাতি কে হবে?' আল্লাহ তা'আলা উত্তর দিলেন, সে হবে এমন একটি লোক, যে সমস্ত জান্নাতিগণ জান্নাতে প্রবেশ করার পর [সর্বশেষে] আসবে। তখন তাকে বলা হবে, 'তুমি জান্নাতে প্রবেশ কর।' সে বলবে, 'হে প্রভু! আমি কিভাবে [কোথায়] প্রবেশ করব? অথচ সমস্ত লোক নিজ জায়গা দখল করেছে এবং নিজ নিজ অংশ নিয়ে ফেলেছে।' তখন তাকে বলা হবে, 'তুমি কি এতে সম্ভুষ্ট যে, পৃথিবীর রাজাদের মধ্যে কোন রাজার মত তোমার রাজত্ব হবে?'

সে বলবে, 'প্রভু! আমি এতেই সম্ভুষ্ট।' তারপর আল্লাহ বলবেন, 'তোমার জন্য তাই দেওয়া হল। আর ওর সমতুল্য, ওর সমতুল্য, ওর সমতুল্য, ওর সমতুল্য [অর্থাৎ ওর চার গুণ রাজত্ব দেওয়া হল]।' সে পঞ্চমবারে বলবে, 'হে আমার প্রভু! আমি [ওতেই] সম্ভুষ্ট।' তখন আল্লাহ বলবেন, 'তোমার জন্য এটা এবং এর দশগুণ [রাজত্ব তোমাকে



দেওয়া হল]। এ ছাড়াও তোমার জন্য রইল সে সব বস্তু, যা তোমার অন্তর কামনা করবে এবং তোমার চক্ষু তৃপ্তি উপভোগ করবে।' তখন সে বলবে, 'আমি ওতেই সম্ভুষ্ট, হে প্রভূ!'

[মুসা] বললেন, 'হে আমার প্রতিপালক! আর সর্বোচ্চ স্তরের জান্নাতি কারা হবে?' আল্লাহ তা'আলা বললেন, 'তারা হবে সেই সব বান্দা, যাদেরকে আমি চাই। আমি স্বহস্তে যাদের জন্য সম্মান-বৃক্ষ রোপণ করেছি এবং তার উপর সীল-মোহর অংকিত করে দিয়েছি [যাতে তারা ব্যতিরেকে অন্য কেউ তা দেখতে না পায়]। সুতরাং কোন চক্ষু তা দর্শন করেনি, কোন কর্ণ তা শ্রবণ করেনি এবং কোন মানুষের মনে তা কল্পিতও হয়নি।' (মুসলিম) [1]

English

(372) Chapter: Some of the Bounties which Allah has prepared for the Believers in Paradise

Al-Mughirah bin Shu'bah (May Allah be pleased with him) said:

The Messenger of Allah (鰻) said, "Musa (Moses) (鰻) asked his Rubb: 'Who amongst the inhabitants of Jannah will be the lowest in rank?' He said: 'It will be a person who will be admitted into Jannah last of all when all the dwellers of Jannah have entered Jannah. It will be said to him: Enter Jannah. But he will say: O my Rubb! How should I enter while the people have settled in their apartments and taken their shares? It will be said to him: Will you be satisfied and pleased if you have a kingdom like that of a monarch of the world? He will say: I will be content, my Rubb. Allah will say: For you is that, and like that and like that and like that and like that. He will say at the fifth time: I am well-pleased, my Rubb. Allah will say: It is for you and ten times more like it. You will have whatever your soul desires and whatever your eyes could delight in. He will say: I am well-pleased, my Rubb.' Musa (ﷺ) said: 'Who will be of the highest rank in Jannah.' Allah said: 'They are those whom I chose and I established their honour with My Own Hand. I attest with My Seal that they will be blessed with such bounties as no eye has seen, no ear has heard and no human mind has perceived."'

[Muslim].

Commentary: This Hadith highlights Allah's unbounded Mercy and Bounty upon His slaves in Jannah although they do not deserve all that.

ফুটনোট

[1] মুসলিম ১৮৯, তিরমিযী ৩১৯৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন